# প্রতিদিন এক সঙ্গে কথা বলুন, পড়ুন, গান করুন!

## আপনার সন্তানকে শেখানোর ক্ষেত্রে কখনোই যথা সময়ের আগে বলে কিছু নেই।

আপনার সন্তানকে আপনার পরিবারের ভাষা শিখতে এবং স্কুলে সফল হতে সাহায্য করার জন্য এখানে আপনি প্রতিদিন আটটা জিনিস করতে পারেন!




### বাড়িতে আপনার মাতৃভাষা ব্যবহার করুন

সবচেয়ে সহজ, সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ হলো প্রতিদিন আপনার বাড়ির ভাষা ব্যবহার করা। অনেক পরিবার চিন্তা করে যে তাদের বাড়ির ভাষা ব্যবহার করা তাদের সন্তানদের বিভ্রান্ত করবে। আসলে, শিশুরা একই সময়ে বেশ কয়েকটি ভাষা সহজেই শিখতে পারে। যখন তাদের মাতৃভাষাতে একটা শক্তিশালী ভিত্তি থাকে তখন তাদের ইংরেজি শেখাটা সহজ হয়।

### গল্প বলুন এবং গান করুন

আপনার সন্তানদের কাছে দেওয়ার জন্য আপনার পরিবারের একটা সমৃদ্ধ ঐতিহ্য আছে। আপনার শৈশব থেকে গল্প, মন্ত্র, ছড়া, কবিতা, বাণী এবং গান তাদের ঐতিহ্যের একটি গুরুত্বপূর্ণ অংশ। আপনার সন্তানদের সাথে এগুলো শেয়ার করুন এবং মজা করুন!

### গল্প বলুন এবং এক সঙ্গে বই শেয়ার করুন

জন্মের শুরু থেকেই—আপনার সন্তানকে প্রতিদিন একটা বই পড়ে শোনান—যে ভাষায় আপনি সবচেয়ে বেশি স্বাচ্ছন্দ্য বোধ করেন। এবং আপনি যদি শব্দগুলো পড়তে স্বাচ্ছন্দ্য বোধ না করেন তবে আপনি বইয়ের ছবিগুলো আঙ্গুল দিয়ে নির্দেশ করতে পারেন এবং সেগুলো সম্পর্কে আপনার সন্তানের সাথে কথা বলতে পারেন।

### লাইব্রেরি থেকে আপনার ভাষায় সামগ্রীগুলো চেক করুন

আপনার ভাষায় বই, ডিভিডি এবং সঙ্গীত খুঁজুন। আপনি যা চান তা যদি তাদের কাছে না থাকে, তবে আপনার যা প্রয়োজন তা খুঁজে পেতে লাইব্রেরির কর্মীদের সাহায্য নিন।

### আপনার ঐতিহ্য এবং সংস্কৃতি সম্পর্কে কথা বলুন

আপনার সন্তানের শ্রেণীকক্ষ বা শিশু যত্ন প্রদানকারী দেখুন। পারিবারিক গান এবং খেলা সহ আপনার ভাষা এবং ঐতিহ্য শেয়ার করুন । আপনার সন্তানকে পারিবারিক গল্প পুনরায় বলতে এবং তাদের শিক্ষক, বন্ধুবান্ধব এবং অন্যদের সাথে আপনার ঐতিহ্য শেয়ার করতে উত্সাহিত করুন।

### আপনার সম্প্রদায়ের কার্যকলাপগুলি সন্ধান করুন।

সাংস্কৃতিক উৎসব ও কনসার্টে যোগ দিন এবং অন্যান্য পরিবারের সাথে দেখা করুন যারা আপনার মাতৃভাষায় কথা বলে। অন্যান্য পরিবারের সাথে যোগ দিন এবং আপনার নিজস্ব ইভেন্ট সংগঠিত করুন!

### আপনার শিশুরা বড় হওয়ার সাথে সাথে আপনার মাতৃভাষা ব্যবহার করা চালিয়ে যান

অনেক সময় বাচ্চারা বড় হওয়ার সাথে সাথে ইংরেজি পছন্দ করতে শুরু করে। দুটি ভাষায় কথা বলার সুবিধা সম্পর্কে আপনার বাচ্চাদের সাথে কথা বলুন। আপনার ভাষা ব্যবহার করা চালিয়ে যান, এমনকি যদি আপনার বাচ্চারা ইংরেজিতে সাড়া দেয় যাতে আপনি আপনার যোগাযোগের লাইন খোলা রাখেন।

### ভুলে যাবেন না যে আপনি আপনার মাতৃভাষা বজায় রাখার মূল চাবিকাঠি

বাবা-মা এবং পরিবারের অন্যান্য সদস্যরা আপনার সন্তানদের জীবনে সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যক্তি। আপনি যা শ্রদ্ধা করবেন, আপনার সন্তানরাও তা শ্রদ্ধা করতে শিখবে। আপনার পরিবারের ভাষা এবং সংস্কৃতি যে গর্ব এবং শ্রদ্ধা করার মতো বিষয় তা শিখতে তাদের সাহায্য করুন। আপনার বাড়ির ভাষার সুবিধাগুলি মনে রাখবেন এবং আপনার সন্তানের বয়স যাই হোক না কেনো আপনার ভাষাটির ব্যবহার চালিয়ে যেতে প্রতিশ্রুতিবদ্ধ থাকুন।

# দ্বিভাষী হওয়ার সুবিধা

গবেষকরা খুঁজে পেয়েছেন যে বাড়িতে একাধিক ভাষায় কথা বলা ছোট বাচ্চাদের জন্য একটি বড় সুবিধা। আপনার সন্তানদের জন্মের সময় থেকে আপনার মাতৃভাষায় কথা বলা তাদের তরুণ মন তৈরি করতে এবং স্কুলে ও ভবিষ্যতে সাফল্যের জন্য তাদের প্রস্তুত করতে সাহায্য করে। শিশুর বাড়ির ভাষা উন্নত করলে পড়া এবং লেখার জন্য ভিত্তি প্রদান করে, সন্তানদের দ্বি-শিক্ষিত হতে প্রস্তুত করে।

## চিন্তা করার দক্ষতা

দ্বিভাষী ব্যক্তিরা কথা বলার সময় দুটি ভিন্ন ভাষার মধ্যে আসা-যাওয়া করে থাকেন। তাদের মস্তিষ্ক খুবই সক্রিয় এবং নমনীয়। গবেষণা দেখায় যে দ্বিভাষী নয় এমন সমবয়সীদের তুলনায়, দ্বিভাষী ব্যক্তিদের গণিতের ধারণাগুলো বুঝতে, শব্দের সমস্যা সমাধান করতে, যুক্তি ব্যবহার করতে, মনঃসংযোগ করতে, মনে রাখতে, সিদ্ধান্ত নিতে এবং অন্যান্য সংকটপূর্ণ চিন্তাভাবনার দক্ষতার মধ্যে, অন্য ভাষা শিখতে সুবিধা হয়।

## সামাজিক-অনুভূতি সংক্রান্ত

দ্বিভাষী হওয়া শিশুদেরকে তাদের পরিবার, সংস্কৃতি এবং সম্প্রদায়ের সাথে দৃঢ় সম্পর্ক বজায় রাখতে সাহায্য করে। এগুলো সবই একটা শিশুর বিকাশমান পরিচয়ের মূল অংশ। তারা নতুন বন্ধু তৈরি করে এবং তাদের দ্বিতীয় ভাষা ব্যবহার করে দৃঢ় সম্পর্ক তৈরি করে—আমাদের ক্রমবর্ধমান বৈচিত্র্যময় সমাজে একটি গুরুত্বপূর্ণ ব্যক্তিগত দক্ষতা। গবেষণায় দেখা গেছে যে দ্বিভাষী পরিবারে বেড়ে ওঠা শিশুরা অধিকতর আত্ম-নিয়ন্ত্রণ দেখায়, যা স্কুলের সাফল্যের প্রধান সূচক।

## শিখন

দ্বৈত ভাষার শিক্ষার্থী শিশুদের জন্য স্কুলের প্রস্তুতি এবং সাফল্য তাদের বাড়ির ভাষা আয়ত্তের সাথে সরাসরি জড়িত। তাই প্রতিদিন আপনার বাড়ির ভাষা ব্যবহার করুন! যেহেতু দ্বিভাষী শিশুরা ভাষার মধ্যে পরিবর্তন করতে পারে, তারা সমস্যা নিয়ে চিন্তা করার জন্য আরও উপযোগী পদ্ধতি বেছে নিতে পারে। যে সমস্ত ব্যক্তিরা একাধিক ভাষা ব্যবহার করে তারা অপ্রাসঙ্গিক তথ্যগুলোকে তুলে ধরতে আরও ভালোভাবে বাধা দেয়, এটা এমন একটা সুবিধা যা সাত মাস বয়সে বিদ্যমান থাকতে পারে।

## দীর্ঘমেয়াদী সাফল্য

শুধুমাত্র একটা ভাষায় কথা বলা প্রাপ্তবয়স্কদের তুলনায় বিশ্বব্যাপী, দ্বিভাষী এবং দ্বিশিক্ষিত প্রাপ্তবয়স্কদের চাকরির বেশি সুযোগ রয়েছে। দ্বিভাষী এবং দ্বিশিক্ষিত ব্যক্তিদের ক্ষেত্রে বিশ্ব সম্প্রদায়ে অংশগ্রহণের সুযোগ অদিক, তাদের তথ্য প্রাপ্তির এবং অন্যান্য সংস্কৃতির লোকদের সম্পর্কে আরও জানার সুযোগও অধিক।

Too Small to Fail-এর ওয়েবসাইটে আপনি এ ধরনের আরও পরামর্শের পাশাপাশি ভিডিও, তথ্য এবং আরও অনেক কিছু পাবেন, www.talkingisteaching.org.

অল্পবয়সী শিশু যারা একাধিক ভাষা শিখছে তাদের প্রাথমিক শিক্ষার প্রচারের ক্ষেত্রে আরও সংস্থানের জন্য, অনুগ্রহ করে দেখুন Head Start's National Center for Cultural and Linguistic Responsiveness.

প্রতিটি শিশুর তার নিজস্ব গতিতে বিকাশ ঘটে, কিন্তু আপনি যদি কখনও আপনার সন্তানের বিকাশ নিয়ে চিন্তিত হন, তাহলে অপেক্ষা করবেন না! দ্রুত ব্যবস্থা নেওয়ার কারণে অনেক উপকারআপনার উদ্বেগ থাকলে আপনার সন্তানের ডাক্তারের সাথে কথা বলুন। হতে পারে। মনে রাখবেন, আপনি আপনার সন্তানকে সবচেয়ে ভালো জানেন। আপনার প্রস্তুতির জন্য পরামর্শ নিন cdc.gov/Concerned.

TOO SMALL TO FAIL

কথা পড়া গান TALKING IS TEACHING.ORG

DEPARTMENT OF EDUCATION UNITED STATES OF AMERICA